

## চবির বিজ্ঞান অনুষদে তালা দিয়েছে ছাত্রলীগ

চবি সংবাদসভা

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পদার্থবিদ্যা বিভাগে অনিয়ম করে শিক্ষক নিয়োগের অভিযোগ এনে বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ডিন অফিস ও পদার্থবিদ্যা বিভাগে তালা খুলিয়েছে ছাত্রলীগ। এতে অনুষদের ভেতরে থাকা শিক্ষক ও শিক্ষার্থীরা আটকা পড়েন। গতকাল দুপুর ১টায় তালা লাগানোর এ ঘটনা ঘটে।

ছাত্রলীগ নেতারা মৌখিকভাবে অভিযোগ করে বলেছেন, বর্তমান ডিসি প্রফেসর ড. এম বদিউল আলম বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট ও প্রশাসনের ভোয়াঙ্কা না করে মোটা অঙ্কের টাকার বিনিময়ে পদার্থবিদ্যা বিভাগে চারজন শিক্ষক নিয়োগ মানের প্রক্রিয়া চূড়ান্ত করেছে। এর মধ্যে ডিনজনই ছাত্রশিবিরের। তাই ছাত্রলীগ এর প্রতিবাদে ডিন ও

বিভাগীয় অফিসে তালা খুলিয়ে দেয়।

এ ব্যাপারে বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহাম্মদ হাবিবুল্লাহ যাযযায়দিনকে বলেন, আমি এ ব্যাপারে কিছুই জানি না। অফিস সহকারীর ফোন পেয়ে এসে দেখি আমার অফিসে (ডিন অফিস) তালা মারা।

জানতে চাইলে পদার্থবিদ্যা বিভাগের সভাপতি প্রফেসর ড. বিক্রম প্রসাদ বড়ুয়া বলেন, কয়েক ছাত্র আমাকে বাইরে ডেকে আনে এবং নিজেদের ছাত্রলীগ নেত্রা দাবি করে আমার অফিসে তালা লাগিয়ে চলে যায়। কারণ জানতে চাইলে পরে সবই জানতে পারবেন বলে জানায়। আমি এর বেশি কিছু জানি না। এক ঘণ্টা পর অবশ্য প্রক্টরিয়াল বডি'র সদস্যরা এসে তালা খুলে দেন।